যুগান্তর

তারিখ ...... 19 MAY 2016
পৃষ্ঠা ...... কলাম ......

পবার জরিপ

# উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের শতভাগ টয়লেট ব্যবহার অনুপযোগী

**যুগান্তর রিপোর্ট**

প্রায় শতভাগ সরকারি উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের টয়লেট ব্যবহার অনুপযোগী। বুধবার সকালে পরিবেশ বাঁচাও আন্দোলন (পবা) উদ্যোগে প্রতিষ্ঠানটির কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলা হয়। পবার উদ্যোগে হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারি অফিস, সিটি কর্পোরেশন ও উন্মুক্ত স্থানের টয়লেটগুলোর বর্তমান অবস্থার ওপর একটি জরিপ পরিচালনা করে। জরিপের ফলাফলে দেখা যায়, প্রায় শতভাগ সরকারি উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের টয়লেট ব্যবহার অনুপযোগী। তাছাড়া নারীদের টয়লেট ব্যবহারে নিরাপত্তাসহ আলাদা কোনো ব্যবস্থা নেই।

পবার সাধারণ সম্পাদক এবং পরিবেশ অধিদফতরের সাবেক অতিরিক্ত মহাপরিচালক প্রকৌশলী মো. আবদুল সোবহান মূল প্রতিবেদন উপস্থাপন করেন। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন— পবার যুগ্ম সম্পাদক ডা. লেলিন চৌধুরী, অ্যাডভোকেট হাসান তারিক চৌধুরী, ড. ফলমুজুল হক, মডার্ন ক্লাবের সভাপতি আবুল হাসনাত, সেলিম, আনিসুল হোসেন তারেক, ড. জেবুন্নেসা প্রমুখ।